

**তথ্য মেলা ও গণশুনানি**  
**মুক্তাগাছা, ২৮-২৯ ডিসেম্বর ২০১৫**

কর্মসূচির নাম ও কর্মসূচির উদ্দেশ্য	অংশগ্রহণকারী কর্তৃপক্ষ	প্রশ্ন	কর্তৃপক্ষের উত্তর	মন্তব্য
তথ্য মেলা ২০১৬। তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবগত করা, তথ্যের উন্মুক্ততার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতার চর্চা করা এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সেবা সম্পর্কে জনগণকে জানানো এবং তাদের সাথে সেতুবন্ধন তৈরি করা।	উপজেলা ভূমি অফিস	১. দলীল একজনের নামে কিন্তু রেকর্ড আরেকজনের নামে হয়ে গেছে এখন কি করবো?  ২. মুক্তাগাছা উপজেলায় মোট লীজকৃত জমির পরিমাণ কত? ৩. অবৈধ ভূমি দখলকারীদের বিষয়ে ভূমি অফিস কি করতে পারে? ৪. ভুল ক্রমে ব্যক্তি সম্পত্তি অর্পিত সম্পত্তিতে গেলে এবং জেলা আদালত রায় ব্যক্তির পক্ষে রায় দিলে পরে সরকার কি আপিল করতে পারে কিনা এবং তা কত দিনের মধ্যে করতে হয়?	১. এই কাজের জন্য ল্যান্ড সার্ভে ট্রাইবিয়ুনাল এ মামলা করে সংশোধন করতে হবে।  ২. মোট জমির পরিমাণ ৩৩ একর ৯ শতাংশ  ৩. ভূমি অফিস দখলকারীর লীজ বাতিল করতে পারে  ৪. সরকার ইচ্ছা করলে আপিল করতে পারে এবং সর্বোচ্চ আদালত পর্যন্ত যেতে পারে। আপিলের শেষ সময় ৬০ বছর পর্যন্ত।	
	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	১. শিক্ষক নিয়োগে বা শিক্ষার মানোন্নয়নে দায়িত্ব কি? ২. এসএসসি ফরম পূরণের কত লাগে? ৩. নির্বাচনী পরীক্ষায় কত বিষয়ে ফেল করলে পরীক্ষা দেয়া যায়? ৪. একেক স্কুলে একএক ধরনের ফি কেন? ৫. পুরতান বই ফেরৎ নেয়া হয় কেন? ৬. উপবৃত্তি কারা পাবে এবং শতকরা কত ভাগ?	১. এখন নিয়োগ মন্ত্রণালয় থেকে করা হয় ফলে এখন আর তারা নিয়োগের সাথে যুক্ত নন। পরিদর্শন, পরামর্শ প্রদান এবং কমিটির সাথে আলোচনা করেন মান উন্নয়নের জন্য। ২. বোর্ড ফি নির্ধারণ করেন মন্ত্রণালয়। আর অফিস পরিচালনার জন্য কমিটির সাথে আলোচনা করে অন্যান্য ফি নির্ধারণ করা হয়। তবে এলাকার আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে ফি নির্ধারণ করা হয়। ৩. কোন বিষয়ে ফেল করলে পরীক্ষা দেয়ার নিয়ম নাই।	

			<p>৪. স্কুলের খরচের বিষয় বিবেচনা করে ফি নির্ধারণ করা হয়।</p> <p>৫. নতুন বই পেতে সকলেই আগ্রহ প্রকাশ করে তাই সরকার উদ্দীপনা সৃষ্টির জন্য এই বই দেয়া হয়। তবে পুরান বই শিক্ষার্থীদের কাছেই থাকবে।</p> <p>৬. দরীদ্র মেধাবী শিক্ষার্থী এবং যারা নিয়মিত। এবং ঐ শ্রেণীর ৪০ ভাগ এই বৃত্তি পাবে।</p>	
	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল	<p>১. আর্সেনিক মুক্ত টিউবওয়েল পরীক্ষা করার প্রক্রিয়া কি?</p> <p>২. স্কুলে যে টিউবওয়ের দেয়া হয় তা নষ্ট হলে তা মেরামতের ব্যবস্থা করা হয় কিনা?</p>	<p>১. ১৫-২০ মিনিট পানি ফেলে দেয়ার পর পানি ২৫০ মিলি নিয়ে আসবে আর ক্যামিকেল থাকলে সঙ্গে সঙ্গে পরীক্ষা করে দেয়া হবে। সেক্ষেত্রে ২০ মিনিটের মধ্যে রেজালট দেয়া হবে।</p> <p>২. আবেদনের ৭২ ঘন্টার মধ্যে মেরামত করা হয়।</p> <p>তবে অন্য কোন প্রতিষ্ঠান টিউবওয়েল দিলে খরচ দিলে মেকানিক মেরামত করে দেন।</p>	
	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ অফিস	<p>১. কোন প্রকল্পের বাজেট কত ?</p> <p>২. ৪০ দিনের কর্মসূচির কার্যক্রম বন্ধ কেন?</p> <p>৩. মনিটরিং কৌশল কি?</p> <p>৪. পানি নিষ্কাশনের ব্যাপারে আপনাদের করণীয় কি?</p>	<p>১. এই মুহুর্তে নেই। তবে অফিসে আসলে দেয়া যাবে।</p> <p>২. এখনো অর্ডার আসেনি। আসলে আমরা কাজ করবো।</p> <p>৩. উপজেলার অফিসার এবং ইউনিয়ন পর্যায়ে একজন ট্যাগ অফিসার আছেন তারা এটি মনিটরিং করেন।</p> <p>৪. জলাবদ্ধতা নিরসনের জন্য আমরা খাল খনন, পুকুর খনন করা হয়।</p>	